দৈনিক সংবাদ

তারিখ 04 AUG 1988
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৬

039

## রাজশাহী মেডিক্যাল কলেজ খুলবে কবে?

গত ৩১শে মে সংঘটিত এক অবাঞ্ছিত ও দুঃখজনক ঘটনার পরিপ্রেক্ষিতে রাজশাহী মেডিক্যাল কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়। কিন্তু আজ পর্যন্ত কর্তৃপক্ষ ওই ঘটনার জন্য প্রকৃত দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ কিংবা কলেজ খোলার কোন উদ্যোগ নিচ্ছেন না। কাজেই এই কলেজের বিভিন্ন বর্ষের প্রায় এক হাজার ছাত্র-ছাত্রীর শিক্ষাজীবন অনিশ্চিত হয়ে পড়ার উপক্রম হয়েছে। একই সাথে অভিভাবকরাও দারুণভাবে দুশ্চিন্তাগ্রস্ত আছেন। গত মে মাস থেকেই সমস্ত ছাত্র-ছাত্রীর বিভিন্ন বর্ষের ফাইনাল পরীক্ষা শুরু হওয়ার কথা থাকলেও কলেজ বন্ধ থাকায় এই পরীক্ষা ঠিক কবে হবে তাও অনিশ্চিত। একদিকে যেমন অভিভাবকদের ব্যয়ের বোঝা বাড়ছে আর ছাত্র-ছাত্রীদের দারুণ মানসিক দুশ্চিন্তায় দিন কাটাতে হচ্ছে, অন্যদিকে সেশন জটও বেড়ে যাচ্ছে। তাই আমরা কলেজের সাধারণ ছাত্র হিসাবে কলেজ কর্তৃপক্ষ, স্থানীয় প্রশাসন সংশ্লিষ্ট মন্ত্রণালয়, সকল রাজনৈতিক দল, বুদ্ধিজীবীর দৃষ্টি আকর্ষণ করছি যেন তারা অবিলম্বে রাজশাহী মেডিক্যাল কলেজ খোলার ও শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা শুরু করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে এই কলেজের সমস্ত ছাত্র-ছাত্রীর শিক্ষাজীবন ধ্বংসের হাত থেকে রক্ষা করেন।

শংকর, মিলন ও সাধন,
শেষবর্ষ পরীক্ষার্থী, রাজশাহী মেডিক্যাল কলেজ, রাজশাহী।

## মেডিক্যাল কলেজের পরীক্ষা ও ফলাফল প্রকাশ প্রসঙ্গে

মেডিক্যাল কলেজগুলোতে ৪ মাস অন্তর অন্তর পরীক্ষা হয়। এটা সবারই জানা যে, চিকিৎসাবিজ্ঞানের পাঠ্যসূচী বিস্তৃত এবং সে কারণে পরীক্ষার প্রস্তুতি গ্রহণের জন্য সময় ও শ্রম উভয়ই বেশী লাগে। আবার মেডিক্যাল কলেজগুলোতে পরীক্ষা পদ্ধতি এমন যে, পরীক্ষা শেষ হওয়ার এক সপ্তাহের মধ্যেই ফলাফল প্রকাশ সম্ভব।

আমাদের কলেজে (স্যার সলিমুল্লাহ মেডিক্যাল কলেজ) শেষ বর্ষের পরীক্ষা শেষ হয়েছে গত ৫ই জুন। অথচ আজ পর্যন্ত (৩০শে জুলাই) পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়নি। আবার ওদিকে ১লা সেপ্টেম্বর থেকে পরীক্ষা শুরু হচ্ছে। ইতিমধ্যেই ফর্ম পূরণের নোটিশ দেয়া হয়েছে। ফলাফলই প্রকাশিত হয়নি ফর্ম পূরণ করবে কি? আর যারা ফেল করবে তারা কিভাবে এই স্বল্প সময়ের মধ্যে প্রস্তুতি নিয়ে পরীক্ষা দেবে, কর্তৃপক্ষ জবাব দেবেন কি?

তাই আমাদের অনুরোধ, সেপ্টেম্বরের সেশনের পরীক্ষা সেপ্টেম্বরের মাঝামাঝি থেকে শুরু করা হোক এবং পরীক্ষা শেষ হওয়ায় ১০ দিনের মধ্যে ফলাফল প্রকাশের ব্যবস্থা করা হোক।

একজ...
শেষ বর্ষ এম...
স্যার সলি...